গভর্নমেন্ট জেনারেল ডিগ্রি কলেজ শালবনি

কয়মা • ভীমপুর • পশ্চিম মেদিনীপুর

প্রথম সংখ্যা, এপ্রিল ২০২৪

শিক্ষার্থী পত্রিকা

উত্তরণ

শিক্ষাবর্ষ-২০২৩-২৪

গভর্নমেন্ট জেনারেল ডিগ্রি কলেজ শালবনি

কয়মা ★ ভীমপুর ★ পশ্চিম মেদিনীপুর

প্রতিষ্ঠানের দশম বর্ষে পদার্পণ উপলক্ষে প্রকাশিত

শিক্ষার্থী পত্রিকা – '' উত্তরণ''

প্রথম সংখ্যা, মার্চ ২০২৪

শিক্ষাবর্ষ -২০২৩-২৪

মুদ্রণে : কোয়ালিটি প্রেস

ঠিকানা : গোলকুয়াচক ঃঃ মেদিনীপুর

পিন : ৭২১১০১

মোঃ : ৯৭৩৩৫০৫০১৯

E-mail : koalitypress1975@gmail.com

✪ পত্রিকায় প্রকাশিত প্রতিটি লেখার মৌলিকতার দায় লেখকের নিজের।
সম্পাদকমণ্ডলী এই দায় নেবে না।

শ্রীকান্ত মাহাত
রাষ্ট্রমন্ত্রী
উপভোক্তা বিষয়ক দপ্তর
পশ্চিমবঙ্গ সরকার

Srikanta Mahata
Minister of State
Consumer Affairs Department
Government of West Bengal

No.CAD/MOS/PS/32/2024 **February 20, 2024**

Message

It is my great pleasure to learn that Government General Degree College of Salboni (GGDC) is not only going to publish first edition of their students magazine **"Uttaran"** but also celebrates the occasion of 10th anniversary of their college at the same time.

I wish every success of Government General Degree College of Salboni and also appreciate all the members of the said college for their tireless efforts and sincere desires & gratitude.

With warm regards,

Srikanta Mahata
(Srikanta Mahata)
SRIKANTA MAHATA
Minister to State
Consumer Affairs Department
Government of West Bengal

To
Shri Santanu Dhar,
Officer-in-Charge,
Government General Degree College (GGDC),
Bhimpur,
Paschim Medinipur

1

Professor Susanta Kumar Chakraborty
Vice-Chancellor
Vidyasagar University
Midnapore - 721102
West Bengal, India

VIDYASAGAR UNIVERSITY
MIDNAPORE - 721102

Website : www.vidyasagar.ac.in
E-mail :
vcconfidential@mail.vidyasagar.ac.in
vc@mail.vidyasagar.ac.in
susantachakrabortyzoology@gmail.com
susantachakraborty@yahoo.com
Mobile : 9433270591 / 9748919812
Telefax : (03222) 275329

Date: 01.02.2024

MESSAGE

It is heartening to note that the first edition of *Uttaran* the Students' Magazine of Government General Degree College Salboni, Paschim Medinipur is going to be published on the eve of the 10th anniversary of the College.

I commend this collective endeavour which reflects the positive role played by the institution through various activities carried out during the entire academic session.

I extend my greetings and good wishes on the occasion.

(Professor Susanta Kumar Chakraborty)

Dr. Shantanu Dhar,
Officer-In-Charge,
Government General Degree College Salboni,
Paschim Medinipur.

GOVERNMENT OF WEST BENGAL
OFFICE OF THE BLOCK DEVELOPMENT OFFICER
SALBONI DEVELOPMENT BLOCK, PASHCHIM MEDINIPUR
Phone & Fax No.-03227285229, email-bdosalboni@gmail.com,
website- www.salboni.in

Memo No. **235 /BDO/Sal** **Date: 02/02/2024**

To
The Officer in Charge,
Government General Degree College, Salbani

Subject: Greeting Message for "Uttanran" Magazine Publication for 10th Anniversary of Government General Degree College, Salbani.

Respected Sir,

It is with immense pleasure and a deep sense of pride that I receive your message regarding the upcoming publication of the inaugural edition of "Uttanran," students' magazine for 10th Anniversary of Government General Degree College, Salbani.

I am truly honored by your kind invitation to contribute a greeting message for this momentous occasion. It is a privilege to have the opportunity to address GGDC college community through the pages of "Uttanran." Your request underscores the importance of collaboration and unity within educational institution, and I am eager to offer words of encouragement and inspiration to your students, faculty, and staff.

Education is a journey marked by milestones, and the publication of "Uttanran" signifies a significant achievement for GGDC Salboni. I commend the dedication and hard work of everyone involved in bringing this magazine to fruition, and I am confident that it will serve as a platform for creativity, expression, and intellectual growth.

I accept your invitation wholeheartedly and pledge to provide a brief greeting message that will hopefully motivate and inspire college community to continue striving for excellence in education

Thank you for entrusting me with this meaningful opportunity. Your dedication to the advancement of the Government General Degree College, Salbani is commendable, and I am grateful for your continued support and collaboration to create an Enlighted society .

Warm regards,

Roman Mandal, W.B.C.S (Exe.)
Block Development Officer ,
Salbani Dev.Block

সেমিনার ও পাবলিকেশন

সাব-কমিটির সদস্যবৃন্দ / সম্পাদক-মণ্ডলীর সদস্যবৃন্দ

নাম	সম্পাদক-মণ্ডলীতে গৃহীত পদ	সেমিনার ও পাবলিকেশন সাব-কমিটিতে পদ
সুমিত্র চক্রবর্তী	সম্পাদক	আহ্বায়ক
আম্পা কুমার হেমব্রম	সহ-সম্পাদক	সহ-আহ্বায়ক
প্রতাপ ব্যাপারী	সহ-সম্পাদক	সদস্য
সেখ আসরাফুল ইসলাম	সহ-সম্পাদক	সদস্য
পিয়ালী চন্দ	সহ-সম্পাদক	সদস্য
শিবশঙ্কর দাশ	সহ-সম্পাদক	সদস্য
সুদীপ খান	সহ-সম্পাদক	সদস্য



ম্যাগাজিন ইউনিটের শিক্ষার্থী সদস্যদের নামের তালিকা

নাম	বিভাগ	সেমিস্টার
অরিজিৎ মাহাত	বাংলা	পঞ্চম
কাজি আমানুল হক	ইংরেজি	তৃতীয়
দেবপ্রিয়া পান	ইতিহাস	পঞ্চম
অভিজিৎ মন্ডল	ইতিহাস	পঞ্চম
বিকাশ চৈঁরা	দর্শন	তৃতীয়
সিদ্ধেশ্বর মাহাত	সংস্কৃত	তৃতীয়
সৌরভ মানা	সমাজতত্ত্ব	তৃতীয়
রাণী মন্ডল	সমাজতত্ত্ব	পঞ্চম
ইন্দ্রজিৎ ঘোষ	রাষ্ট্রবিজ্ঞান	পঞ্চম
তুষার পাত্র	সাঁওতালি	পঞ্চম
শিবানী মাহাত	রসায়ন	পঞ্চম
প্রলয় দত্ত	পদার্থবিদ্যা	পঞ্চম
সুপ্রিয় মাহাত	বিজ্ঞান বিভাগ (সাধারণ)	তৃতীয়
পলাশ মাহাত	কলা বিভাগ (সাধারণ)	পঞ্চম



GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, SALBONI

List of Employees

Officer-in-Charge

Dr. Shantanu Dhar
Associate Professor in Physics

Library

Soumen Mondal
Ass. Libraian

Teaching Staff

Department

Arts

Bengali
- **Arjun Majhi** – Asst. Professor
- **Dr. Pratap Bapari** – Asst. Professor

English
- **Sudeep Khan** – Asst. Professor

Political Science
- **Dr. Mrinal Das** – Asst. Professor

Santali
- **Aampa Kr. Hembrom** – Asst. Professor
- **Shyam Charan Tudu** – Asst. Professor
- **Anjali Dolai** – Asst. Professor

Sanskrit
- **Prosenjit Mondal** – Asst. Professor
- **Dr. Anup Ruidas** – Asst. Professor
- **Ujjal Karmakar** – Asst. Professor
- **Subha Majhi** – Asst. Professor

History
- **Sumitra Chakraborty** – Asst. Professor
- **Mayukh Das** – Asst. Professor
- **Sujan Mandal** – Asst. Professor

Philosophy
- **Sk. Asraful Islam** – Asst. Professor
- **Sanjit Mandal** – Asst. Professor

Sociology
- **Piyali Chanda** – Asst. Professor
- **Dr. Megna Bose** – Asst. Professor
- **Md. Mainuddin** – Asst. Professor
- **Sandeepan Das** – Asst. Professor

Science

Physics
- **Dr. Shantanu Dhar** – Asst. Professor
- **Dr. Some Nath Dey** – Asst. Professor
- **Dr. Sk. Anirban** – Asst. Professor

Chemistry
- **Dr. Shib Shankar Dash** – Asst. Professor
- **Dr. Ipsita Kumar Sen** – Asst. Professor
- **Dr. Sk. Ajarul** – Asst. Professor
- **Dr. Animesh Mondal** – Asst. Professor

Mathematics
- **Shaoli Nandi** – Asst. Professor
- **Dr. Sunirmal Kundu** – Asst. Professor

GOVERNMENT GENERAL DEGREE COLLEGE, SALBONI

List of Employees

Officer-in-Charge
Dr. Shantanu Dhar

Non-teaching Staff

Department

Office Staff

- Shruti Patra – Matron
- Nayan Khamrui – Group-D
- Krishnendu Jana – Group-D
- Irfan Siddique – LDC
- Haru Sardar – LDC
- Pabitra Santra – LDC
- Biswanath Ghosh – DEO
- Prasenjit Digar – DEO
- Halima Khatun – DEO
- Sudip Pan – DEO

Security Staff

- Parimal Das
- Manmohan Mahata
- Arun Ghosh
- Sk Hanif

Karma Bandhu

- Samir Mahata
- Biswajit Mahata



From the desk of the Officer-in-Charge:

It is indeed a privilege to have been at the helm of Government General Degree College Salboni since its inception. Our journey began in the academic session of 2014-15, and as we near the completion of a decade, I reflect with pride on the progress we have made so far. Over the years, we have welcomed numerous new teachers and staff members, hailing from various corners of our state, spanning from the extreme north to the extreme south. Many among them are youthful, brimming with energy and enthusiasm, and they have seamlessly integrated themselves into the rich culture and heritage of the Jungle Mahal area.

In the early years of the twenty-first century, the people of this region grappled with challenges to their livelihoods, particularly due to the Maoist movement. This upheaval especially affected the younger generation, depriving them of educational and employment opportunities. Today, however, thanks to the establishment of our college, young girls and boys have the opportunity to pursue their studies while remaining close to their families.

Our academic offerings initially focused on language subjects (Bengali, English, Sanskrit, and Santali) and social sciences (History, Political Science, Philosophy, and Sociology). In 2016, we introduced the Science stream, comprising Physics, Chemistry, and Mathematics.

Each academic year, we organize an annual athletic meet and cultural competition. In 2017, we had the honour of hosting "Sampriti Saptaha," a special programme commemorating the 125th anniversary of Swami Vivekananda's Chicago Address, funded by the Higher Education Department, Government of West Bengal. Furthermore, our students actively participated in inter-college sports events organized by the affiliating university and the Government of West Bengal. Additionally,

we observe Students' Week during the first week of January every year. Educational tours, field visits, talks, extension lectures, and conferences are regular features organized by various departments. Moreover, students from different departments contribute to the publication of wall magazines.

Our Teachers' Council plays a pivotal role in administration, and various committees within the council regularly organize seminars and webinars. I am delighted to announce that, in celebration of the college's forthcoming 10th anniversary, the students, under supervision of the Seminar and Publication Sub-committee, will be publishing "Uttaran", a magazine. My heartfelt gratitude goes out to everyone involved in this endeavour.

As we look ahead, our focus is on transitioning from a developing institution to a developed one in the coming decade. This journey will undoubtedly pose challenges, but with dedication and collective effort, I am confident we will overcome them and continue to thrive.

Dr. Shantanu Dhar
Officer-in-Charge
Government General Degree College Salboni

সম্পাদকীয় বার্তা

হাঁটি হাঁটি পা পা করে দশটি বছর অতিক্রম করতে চলেছে শালবনি সরকারি মহাবিদ্যালয়। প্রতিষ্ঠানের দশম বর্ষে পদার্পণ উপলক্ষে সেমিনার ও পাবলিকেশন সাব-কমিটি মুষ্টিমেয় ছাত্রছাত্রীকে সঙ্গে নিয়ে প্রথমবারের জন্য ''**উত্তরণ**'' শীর্ষক শিক্ষার্থী পত্রিকা প্রকাশ করল। পত্রিকাটি কেবলমাত্র কতকগুলি গল্প কবিতা প্রবন্ধের সংকলন নয়, এর মধ্যে ন্যস্ত আছে শিক্ষক-শিক্ষার্থীর যৌথ উদ্যোগ, আন্তরিক প্রযত্ন, সযত্নে লালিত আবেগ ও সুদীর্ঘ স্বপ্ন। কোনও শিক্ষা প্রতিষ্ঠানের ম্যাগাজিন হল এমন একটি মঞ্চ, যেখানে ছাত্রছাত্রীরা বাধ্যতামূলক পাঠ্যসূচির ঘেরাটোপ ও অবিরাম মূল্যায়ন-নির্ভর প্রচলিত শিক্ষণ প্রক্রিয়া থেকে মুক্ত হয়ে তাদের সৃজনশীল মননের প্রতিফলন ঘটানোর সুযোগ পায়। পত্রিকার পাতায় জন্ম হয় নবচেতনার। ভিন্নতর দৃষ্টিভঙ্গির যুগপৎ সংঘাত ও সমন্বয়ের পরিসর তৈরি করে এই মাধ্যম। তার জঠরে লালিত হয় একটি যৌথ সম্প্রদায় চেতনা । বর্তমান সমাজে মূল্যবোধের সংকট যখন সর্বগ্রাসী চেহারা নিচ্ছে, ঠিক তখনই লেখনির অন্তর্স্থিত যৌবনের আহ্বান জাত, ধর্ম, লিঙ্গ নির্বিশেষে সকল প্রকার সামাজিক বৈষম্যের ঊর্ধ্বে উঠতে আমাদের শিক্ষা দেয়। বৃহত্তর সমাজের সঙ্গে নিজেকে একাত্ম করার অন্যতম বাহন হল '' উত্তরণ'' ।

অন্তর্দৃষ্টিপূর্ণ প্রবন্ধ থেকে হৃদয়গ্রাহী কবিতা, চিত্তাকর্ষক ছোট গল্প থেকে মনোমুগ্ধকর ভ্রমণ কাহিনি সমৃদ্ধ এই পত্রিকা কলেজের সকল ছাত্রছাত্রীর বৌদ্ধিক আত্মা ও চিরন্তন সম্ভাবনাকে জনসমক্ষে প্রকাশ করেছে। শিক্ষার্থীদের স্বীয় জীবনের অভিজ্ঞতায় অনুভূত জটিল সমাজ-বাস্তবের বহিঃপ্রকাশ ঘটেছে তাদের লেখাগুলির মাধ্যমে। পত্রিকার সম্পাদকমণ্ডলীর অংশ রূপে শিক্ষার্থীদের কঠোর শ্রম ও অপরিমেয় আবেগের সাক্ষী থাকতে পেরে আমরা যারপরনাই গর্বিত। যাদের লেখা মানের বিচারে এখানে স্থান পায়নি, তাদেরও ভবিষ্যৎ সাফল্যের জন্য অগ্রিম শুভেচ্ছা প্রাপ্য। সাম্প্রতিক সাংস্কৃতিক প্রতিবেশে বিভিন্ন সমাজ-মাধ্যম ও স্থানীয় পত্রিকা প্রকাশনার প্রেক্ষিতে কোনও লেখাকে মৌলিক রূপে চিহ্নিত করা প্রায় অসম্ভব একটি কাজ। সেই দুরূহ কাজ সম্পাদনের পাশাপাশি পত্রিকাকে সার্থক করে তোলার সকল প্রয়াস সাধ্যমতো করেছেন সম্পাদক-মণ্ডলীর সদস্যবৃন্দ। কোনও ধন্যবাদই তাঁদের জন্য পর্যাপ্ত নয়। ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহাশয়ের প্রদত্ত উৎসাহ আমাদের এই কর্মকাণ্ডের মেরুদন্ড-স্বরূপ। তাঁর প্রতি আমাদের কৃতজ্ঞতার অন্ত নেই। পত্রিকাটিকে সুসংবদ্ধ ভাবে প্রকাশ করার জন্য কোয়ালিটি প্রকাশনা সংস্থাকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

আর্থ-সামাজিক ভাবে পিছিয়ে থাকা অঞ্চলে প্রতিষ্ঠিত এই মহাবিদ্যালয়ের একটি সাংস্কৃতিক উত্তরাধিকার রেখে যাওয়া ''উত্তরণ'' প্রকাশের অন্যতম অভীষ্ট। সর্বোপরি পাঠকের সন্তুষ্টি এবং পরবর্তী কর্মকাণ্ডের প্রতি উৎসাহের মধ্যেই এই পত্রিকার সার্থকতা নিহিত।

সুমিত্র চক্রবর্তী
পত্রিকার সম্পাদক ও আহ্বায়ক,
সেমিনার ও পাবলিকেশন সাব-কমিটি

সূচিপত্র

গল্পগুচ্ছ

বিষয়		পৃষ্ঠা
আমার জীবনের এক বাস্তব	– প্রিয়নাথ বেশ্রা	১৪-১৫
আশা	- মহাদেব মাহাত	১৬
একটি ছেলের জীবন কাহিনি	- বণালী সাউ	১৭
হাসির হাট	- শিবানী মাহাত	১৮
A Short Story about Iean	- কাজি আমানুল হক	১৯
টুয়ার (সাঁওতালি ভাষা)	- তুষার পাত্র	২০-২৩

কবিতামালা

নারী	- উমা মাহাত	২৪
সত্যি! মেয়ে তুমি বড়ো অসহায়	- অনুপ কুমার মাহাত	২৫
হরেক পাখি	- অনুপ মাহাত	২৬
দীপাবলির কবিতা	- মৌমিতা মাহাত	২৭
শুধু সময়ের অপেক্ষা	- অনিতা মাল	২৮
আমার ইচ্ছে	- রচনা সামন্ত	২৯
স্কুলের শেষ দিনের স্মৃতি	- রুমা মাহাত	৩০
ট্রেন দুর্ঘটনা	- দেবপ্রিয়া পান	৩১
ভারতমাতার কন্যা সন্তান	- পায়েল বেরা	৩২
তোরা হবি ইতিহাস	- রাণী মন্ডল	৩৩
সুখের স্বাধীনতা	- নূপুর মাহাত	৩৪
নারী হতে চাই	- কোয়েল প্রামালিক	৩৫
সাঁওতালি ভাষায় কবিতা	- প্রসেনজিৎ ভাদুলি	৩৬
সাঁওতালি ভাষায় কবিতা	- সবনাখা মুর্মু	৩৭

প্রবন্ধ সমগ্র

ইতিহাস চেতনা ও আধুনিক সমাজ	- সঙ্গীতা বেতাল	৩৮-৩৯
করম পূজা	- সাথী মহিশ	৪০
কুড়মি সম্প্রদায়ঃ একটি সমাজতাত্ত্বিক দৃষ্টিভঙ্গি	- পারমিতা মাহাত	৪১-৪২
উত্তর সেন্টিনেল দ্বীপপুঞ্জ	-রাণা ঢাল	৪৩-৪৪
Nature of Reality	- প্রলয় দত্ত	৪৫-৪৬

ভ্রমণ কাহিনি

Flight of Fantasy	- সুন্দরী মান্ডি	৪৭-৪৮

চিত্র-সমাহার

চিত্রের মাধ্যমে তুলে ধরা কিছু মুহূর্ত		৪৯-৫৯

আমার জীবনের এক বাস্তব

প্রিয়নাথ বেশ্রা
বিভাগ- সংস্কৃত, সেমিস্টার- পঞ্চম

আমার নাম প্রিয়নাথ বেশ্রা। আমি এখন গ্রাজুয়েশনে পড়ছি যা, কিছুদিন পর কমপ্লিট হতে চলেছে। আমরা এই পৃথিবী অর্থাৎ সুন্দরতর জগতে এসেছি ঠিকই, কিন্তু এই জগত আমাদের কাছে এক সিনেমার পর্দা, যেখানে আমরা সিসিটিভি ক্যামেরার অধীনে অভিনয় করব। সিনেমায় যেমন হিরো এবং ভিলেন থাকে, ঠিক তেমনি বাস্তব জীবনেও আমরা ভালো মানুষ কিংবা খারাপ মানুষ দুটোর সঙ্গে পরিচিত হব।

অনেকের একটা ধারণা থাকে যে, আড্ডা দেওয়া মানে নেশা করা। বাস্তবে প্রত্যেক আড্ডাতে নেশা করা হয় না— এটি তেমনি একটি গল্প।

আমি সাধারণত ছোট গ্রামে বাস করি। এই গ্রামে আশিটির মতো বাড়ি রয়েছে এবং সেখানে আমাদের একটি আড্ডা দেওয়ার জায়গাও রয়েছে। সেখানে আমরা সব বন্ধুরা মিলে আড্ডা দিই। আমাকে নিয়ে আমরা আট জন রয়েছি। আমি যে বন্ধুর কথা বলছি, তার নাম সেবেল বেশ্রা। সে সদ্য কলেজে ভর্তি হয়েছে। সেবেল খুবই সাধারণ পরিবারের ছেলে। মনের দিক থেকে খুবই সরল। সেবেল যখন প্রথম এই জগতের সূর্যের আলো দেখে, তার মা এই জগত থেকে চিরকালের মতো বিদায় নিয়ে নিয়েছিল। তারপর তার পিতা দ্বিতীয় বিবাহ করে। তখন বাড়িতে সেবেল ছাড়াও তার আরও দুই বোন জন্মগ্রহণ করে। নতুন মা সেবেলকে কখনোই ভালোবাসেনি। এমনকি খাবারও ঠিক মতো দিত না। তার পিতারও সেবেলের প্রতি ভালোবাসা হারিয়ে গিয়েছিল। ধীরে ধীরে সেবেলের মধ্যে কেমন যেন পরিবর্তন আসতে লাগল। গ্রামের কারো সঙ্গে ঠিক মতো কথাবার্তা বলত না। আড্ডা দেওয়াও প্রায় বন্ধ করে দিয়েছিল।

আমরা বন্ধুরা মিলে ঠিক করলাম যে, সেবেলের বাড়ি গিয়ে ওর সঙ্গে দেখা করে কথা বলব। বাড়ি গিয়ে দেখি সেবেল বাড়িতে নেই। সেবেল যেসব জায়গায় থাকতে পারে সব জায়গায় খুঁজে দেখলাম। কিন্তু তাকে পেলাম না। এইরকম কিছু দিন চলতে লাগল। ধীরে ধীরে আমরাও আড্ডায় জায়গায় যাওয়া বন্ধ করে দিই।

হঠাৎ একদিন সন্ধ্যায় গ্রামে সেবেলকে দেখতে পেল এক বন্ধু। সে আমাদের সবাইকে ফোন করে সেই জায়গায় আসতে বলল। আমাদের প্রত্যেকের মনে যে কত রকম প্রশ্ন আছে সেবেলকে জিজ্ঞাসা করব বলে! আনন্দের সঙ্গে দৌড়াতে দৌড়াতে আড্ডার জায়গায় পৌঁছালাম। এসে দেখি সেবেল গ্রামের আরো কিছু বন্ধুদের সঙ্গে মিলে নেশা করতে বসেছে। এই সব কাণ্ড দেখে আমরা ঠিক করলাম কাল সেবেলকে জিজ্ঞাসা করব। অনেক রাত হয়ে যাওয়ায় আমরা বাড়ি ফিরে আসি। রাতের খাবার খাওয়া সেরে আগামীকালের অপেক্ষায় তাড়াতাড়ি শুয়ে পড়ি।

পরের দিন শনিবার আমার বাবা আমার সকালের ঘুম ভাঙিয়ে বলে যে, সেবেল আর বেঁচে নেই। কথাটা শুনে মনের মধ্যে কেমন কেমন হতে লাগল। সেবেলকে দেখার জন্য আমার মন ছটফট করছিল। হাসপাতাল থেকে পোস্টমর্টেম করে সেবেলের শরীরটাকে আনা হয়। ওই দিনই গ্রামের অনেকে কেঁদেছিল। কিন্তু আমি কাঁদার চেষ্টা করলেও কাঁদতে পারছিলাম না। কারণ আমি মেনে নিতে পারছিলাম না যে, আমাদের বন্ধু আমাদের ছেড়ে চলে গেল আর কোনোদিন ফিরবে না। এই সময় আমি নিজেকে সবচেয়ে একা অনুভব করছিলাম। সবাই থাকা সত্ত্বেও মনে হচ্ছিল আমি একা। পরে জানতে পারলাম যে আড্ডা থেকে আমরা ফিরে আসার পর সেবেল গ্রামের আরো কিছু বন্ধুদের সঙ্গে একটা অনুষ্ঠান দেখতে গিয়েছিল। ফেরার পথে লরির সঙ্গে অ্যাক্সিডেন্ট হয়। অ্যাকিডেন্টে সেবেল প্রাণ ত্যাগ করে। আমার মনের মধ্যে যে প্রশ্নগুলো ছিল তা প্রশ্নই রয়ে গেল। এই জীবন আমাকে অনেক কিছু শিখিয়েছে। কাল কোনোদিন আজ হয়না, কাল কালই রয়ে যায়। এরপর থেকেই আমরা আড্ডার জায়গায় যাওয়া বন্ধ করে দিই। জীবনে সব কিছুই ফিরে পাওয়া যায় কিন্তু জীবন চলে গেলে তা কখনো ফিরে আসে না। জীবনের যে কত মূল্য তা বুঝতে অনেক সময় লেগে যায়।

তাই আমরা এই জীবনে যতদিন বাঁচবো হাসি খুশি ভাবেই যেন বাঁচি। জীবনে যতই বাধা আসুক না কেন হাসি মুখে যেন মেনে নিতে পারি।



আশা

মহাদেব মাহাত
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- তৃতীয়

একটি জঙ্গলে এক শিকারি শিকার করতে গিয়ে ছোট্ট একটি পাখি ধরল। কিন্তু পাখিটি খুব বুদ্ধিমান ছিল। পাখিটি শিকারির খুব প্রশংসা করতে লাগল। পাখিটি শিকারিকে বলল যে, তুমি অনেক বড় শিকারি। জীবনে অনেক বাঘ মেরেছো, অনেক ভাল্লুক মেরেছ। আরো অনেক কিছু মেরেছ। আমি একটি ছোট্ট পাখি। আমার ওজন একশো গ্রামও নয়। আমাকে খেয়ে তুমি কি মজা পাবে? আমাকে খেলে তোমার পেটও ভরবে না। তার চেয়ে বরং আমাকে ছেড়ে দাও। পাখিটি বলল, আমি তোমাকে এমন তিনটি মূল্যবান বাণী শোনাবো, যা তোমার সারাজীবন কাজে লাগবে। পাখিটি এমনভাবে কথাবার্তা বলছিল যে, শিকারির মন নরম হয়ে গেল। কারণ প্রশংসা সবাই পছন্দ করে। আর একজনকে খুশি করার সবচেয়ে সহজ উপায় হচ্ছে তার প্রশংসা করা। শিকারি ভেবে দেখল যে ঠিক তো! এত ছোট পাখি খেয়ে তো কোন লাভ হবে না, তার চেয়ে শুনি পাখিটি কী বলতে চায়। হয়তো এতেই তার লাভ বেশি হবে ভেবে শিকারি রাজি হয়। পাখিটি বলল, আমি প্রথম বাক্য বলব তোমার হাতের উপর বসে; দ্বিতীয় বাক্য বলব ওই গাছের ডালে বসে, আর তৃতীয় বাক্য বলব গাছের মগ ডালে বসে। শিকারি বলল ঠিক আছে। পাখি শিকারির হাতে বসে বলল, কখনো অলীক কল্পনা করবে না। যা বাস্তব নয় সেটা কখনো বিশ্বাস করো না। শিকারি বলল একদম ঠিক কথা। সত্যিই তাই, কখনো অবাস্তব কোথায় বিশ্বাস করতে নেই। পাখিটি বলল, এবার আমাকে গাছের ডালে যেতে দাও। আমি দ্বিতীয় বাক্য বলব। শিকারি ছেড়ে দিল। পাখিটি গাছের ডালে উঠে বলল, যা হাত ছাড়া হয়ে গেল তা নিয়ে কখনো আফশোস করো না। শিকারি বলল এটাও ঠিক। যা আমার নেই তা নিয়ে আফশোস করাও তো বোকামি। পাখি এবার মগ ডালে। শিকারি বলল, এবার তৃতীয় উপদেশটি বলো। পাখি বলল তৃতীয় বাক্য বলার আগে দেখে নিই, আগের দুটি উপদেশ থেকে তুমি কিছু শিখেছো কিনা। পাখিটি বলল আমার পেটে দুশো গ্রাম ওজনের একটি মুক্তা আছে। এই কথা শুনে শিকারি খুব আফশোস করতে লাগল। হায় হায় এ আমি কী করলাম! ধনী হওয়ার এত বড়ো সুযোগ হাত ছাড়া করলাম! এই বলেই পাখিটিকে ধরার জন্য লাফাতে লাগল। কিন্তু পাখি তো তখন মগ ডালে বসে। পাখিটি হাসল, বলল দেখো আমি আগেই বলেছিলাম অবাস্তব কথায় কখনো বিশ্বাস করো না। আমার ওজন একশো গ্রাম আমার ভেতরে দুশো গ্রামের মুক্তা থাকবে কীভাবে! বলেছিলাম, যা হাত ছাড়া হয়ে যায় তা নিয়ে কখনো আফশোস করো না। কিন্তু তুমি তাই করেছ। তোমাকে আর কোন উপদেশ দেওয়া অর্থহীন। কারণ অধিকাংশ মানুষের মতো তুমিও উপদেশ শুধু কান দিয়ে শুনেছ কিন্তু তা থেকে কিছুই শিক্ষা লাভ করোনি।

একটি ছেলের জীবন কাহিনি

বণালী সাউ

বিভাগ- সংস্কৃত, সেমিস্টার- তৃতীয়

একটি ছেলে সারাক্ষণ ফুর্তি করে বেড়ায়। বন্ধুদের সঙ্গে আড্ডা দিয়ে সময় পার করে দেয়। পড়াশোনায় একটুও মনোযোগ দেয়না। পড়তে বসে না কখনো। পড়ার কথা মাথায় আনে না। শুধুমাত্র মোবাইলে সারাটা দিন পড়ে থাকে। কখনো তার ভবিষ্যৎ নিয়ে ভাবনা চিন্তা করে না। দেখতে দেখতে বছর শেষ হয়ে আসে। পরীক্ষাও চলে আসে। সেই ছেলেটি পরীক্ষা নিয়ে কোনোদিন মাথা ঘামায়নি। আর সেই ছেলের না পড়েই পরীক্ষা দিয়ে দেয়। আবার সেই আগের মত আড্ডা দেওয়া শুরু করে দেয়। ফোনের মধ্যেই চব্বিশ ঘণ্টা থাকে। ফুর্তি করা শুরু করে দেয়। তার কিছুদিন পর পরীক্ষার ফলাফল প্রকাশ হয়। আর সেই ছেলেটি পরীক্ষায় ফেল করে। পরীক্ষার ফলাফল দেখে ছেলেটি মানসিক চিন্তায় পড়ে যায়। তারপর সেই ছেলে আত্মহত্যা করবে বলে ঠিক করে। কিন্তু তার মায়ের জন্য সেই ছেলে কিছুই করতে পারে না। ছেলেটি তার ভুল বুঝতে পারে। সে ভাবে যদি সে সময় নষ্ট না করে একটু পড়াশোনা করত, তাহলে হয়তো আজকে এরকম হত না। বাড়িতে বসে ছেলেটি অনেক কান্নাকাটি করে। কিন্তু কান্না কাটি করে আর লাভ কী! কাঁদতে কাঁদতে তার মাকে জড়িয়ে ধরে আর কান্নায় ভেঙে পড়ে। ছেলেটি তার মায়ের কাছে ভুলের জন্য কাঁদতে কাঁদতে ক্ষমা চায়। এর পর তার মা তাকে সান্ত্বনা দিয়ে শান্ত করার চেষ্টা করে। তার মা তাকে বলে, তুই পরীক্ষায় উত্তীর্ণ হতে পারিসনি তো কী হয়েছে, জীবনে তো ফেল করে যাসনি। মায়ের কথা শুনে ছেলেটি কিছুটা হলেও ভরসা পায়। পরের দিন সকালে সেই ছেলেটির বাড়িতে আত্মীয় স্বজনরা আসে। তাই ছেলেটি ঘরের ভিতরে ভাবে যে, কেউ যেন তাকে পরীক্ষার ফলাফল কেমন হল তা জিজ্ঞাসা না করে। দুপুর বেলা খেতে বসার সময় এক আত্মীয় জিজ্ঞেস করে বসে ফলাফলের ব্যাপারে আর তখন আর ছেলেটি কিছু বলে না। তার মা উত্তর দেয় যে, ছেলে আমার খুব ভালো ফলাফল করেছে, ভালো নম্বর পেয়েছে। তা শুনে আত্মীয়-স্বজনরা চমকে ওঠে এবং ভাবে, যে ছেলে কোনোদিন বই খাতার মুখ দেখেনি, সেই ছেলে এত ভালো নম্বর পেল কীভাবে! কিন্তু তার মা বলেছে এই ভেবে আত্মীয়-স্বজনরা বিশ্বাস করতে বাধ্য হয়। এরপর আত্মীয়-স্বজনরা নিজেদের বাড়ি ফিরে যায়। তখন সেই ছেলেটি তার মাকে বলে, 'কী দরকার ছিল মিথ্যে বলার। সত্যিটাই বলে দিতে। আমি না হয় একটু ছোট হতাম। কিন্তু যখন সবাই জানতে পারবে আমি এত ভালো নম্বর পাইনি। আমি ফেল করে গেছি, সবাই তখন কথা শোনাবে যে, একটি মা আর ছেলের জন্য মিথ্যা বলেছে।' এটা শুনে তার মা বলে উঠল, 'বাবা আমি যদি তোকে না বুঝি, তাহলে কে বুঝবে। না হয় নম্বর একটু কম পেয়েছিস, জীবনে তো হেরে যাসনি।' মা আরও বলে, 'আমি তোর মুখ চেয়ে বেঁচে আছি আত্মীয়-স্বজন পাড়া-প্রতিবেশীদের দেখে নয়।' এটা শুনে ছেলেটি কান্নায় ভেঙে পড়ে এবং তার মাকে জড়িয়ে ধরে আর বলে, যে মিথ্যা কথাটা তুমি বলেছ, সেই কথাটাই আমি সত্যি করে দেখাবো। এরপর ছেলেটি নিজেকে পরিবর্তন করতে শুরু করে। পরের বছর পরীক্ষায় সেই ছেলেটি নিরানব্বই শতাংশ নম্বর পেয়ে যায়।

হাসির হাট

শিবানী মাহাত

বিভাগ- রসায়ন, সেমিস্টার- পঞ্চম

নমস্কার! খবর পড়ছেন পাড়ার কুচুটে কাকিমা। আজ শুরু হবে কাকিমাদের কেমিস্ট্রি ল্যাব। ল্যাবে উপস্থিত আছেন পাড়ার দুজন কুচুটে কাকিমা— টিনা ও মিনা।

পর্যবেক্ষণ-১: টিনা বলে, 'স্যার আজ আমাদের কি প্র্যাকটিকাল করানো হবে?' স্যার বললেন, 'আজ তোমাদের অর্গানিক প্র্যাকটিক্যাল হবে।' স্যার বলেন, 'মিনা একটু ভিনিগার নিয়ে আসো আর একটা বিকার দাও।' মিনা বলে, 'টিনা, এই তো সুযোগ। এই খান থেকে আমরা অর্ধেকটা নিয়ে যাবো। বলতো প্রত্যেক বার চুরি করে আমের আচার তৈরি করি কিন্তু বেশিদিন থাকে না, নষ্ট হয়ে যায়। এবার আর নষ্ট হবেনা, কি বল!' টিনা বলে, 'ঠিক বলেছ তো!' স্যার বলেন, 'কি রে মিনা! ভিনিগার এত কম হলো কী করে!' মিনা বলে, 'কিছু না স্যার।' এভাবে কাকিমাদের প্রথম প্র্যাকটিক্যাল শেষ হলো।

পর্যবেক্ষণ-২: মিনা বলে, 'স্যার আজ আমাদের পালং শাকের প্র্যাকটিক্যাল করাবেন বলেছিলেন তো!' স্যার বলেন, 'হ্যাঁ টিনা।' তা হলে তো চলো যাই মিটি মাসির কাছে পালং শাক আনতে। টিনা বলে, 'মিটি মাসি, আজ আমাদের কলেজের স্যার পালং শাকের প্র্যাকটিক্যাল করাবেন। বলছি, যদি দুটো পালং শাক দাও। বেশি লাগবে না।' মিটি মাসি বলেন, 'ঠিক আছে কম করে নিবি।' টিনা বলে, 'মিনা পলিথিনটা বের কর, মাসি দেখতে পায়নি। বেশি করে নিয়ে যাই। আজকে রাতে পালং শাকের লুচি খাব।' ল্যাবে ফিরে এসে মিনা বলে, 'স্যার অনেক কষ্টে আমাদের ওই খানের বাজার থেকে এনেছি পালং শাক। দশ টাকা নিয়েছে।' স্যার বলেন, 'ভালো মিনা। বাড়ি যাবার সময় দশ টাকা নিয়ে যাস।' টিনা বলে, 'আমাদের এইরকম প্র্যাকটিক্যাল করানো হলে তো ভালো হয় বল মিনা?'

পর্যবেক্ষণ-৩: মিনা বলে, 'স্যার আজ আমাদের কী হবে?' স্যার বলেন, 'মিনা আজ তোমাদেরকে সেই রকম কোনো প্র্যাকটিক্যাল করানো হবে না। কিন্তু তোমাদের ল্যাব টেস্টের জিনিসগুলো পরিষ্কার করো, পরীক্ষা তো সামনে চলে এলো।' টিনা বলে, 'মিনা দেখ, বাসন মাজার VIM সাবান আজকে বাড়ি নিয়ে যেতে হবে। তাহলে আর বাড়ির বাসন গুলো কয়লা দিয়ে মাজতে হবে না। তুমি স্যারকে লক্ষ রাখো, আমি সেই সুযোগে নিয়ে নেব।'

আজকে খবর এইটুকু। বাকি খবর দেখার জন্য আমাদের সাথে যুক্ত থাকুন। হি:হি:হি:...

SHORT STORY ABOUT IEAN

কাজি আমানুল হক
বিভাগ- ইংরেজি, সেমিস্টার- তৃতীয়

Iean woke up suddenly. The beautiful life he was dreaming of suddenly ended when he woke up. For a while in bed, he began to think about it, if his life was really so dead ! As he dreamed ..

Just like every day, he had to wake up to work as a daily worker. As there is some regret in his mind, there are so many questions about his life and his destiny.

Iean was born into a noble rich family, his father died ten years after his birth. After he started studying in high School, He did not feel too bad for not having his father in that age. But after secondary school he had enough knowledge, he realized that his mother bears all the expenses of the family, works in other people's houses, which Iean does not like now.

His mother will work with such a big boy !

Despite his strong desire to study, as a responsible son, he engaged himself in the work of a labourer so that his mother would not have to work. It is true that he feels bad for himself, when he sees his friends studying, but he accepts his anger and keeps himself in check .

His dream was to become a big businessman in real estate, to have everything of his own that he could never enjoyed because of his father's incompetence. At the end he had to succumb to his fate.



ᱝᱩᱷᱟᱹᱳ

তুষার পাত্র

বিভাগ-সাঁওতালি, সেমিস্টার- পঞ্চম

ᱢᱤᱫ ᱜᱷᱟᱹᱴᱤᱞ ᱥᱟᱦᱟᱨᱮ ᱠᱟᱞᱚᱥ ᱦᱟᱱᱟᱴᱩᱨᱤ ᱛᱮᱧ ᱠᱚᱥ ᱠᱮᱫᱮᱭᱟ ।ᱪᱤᱡ ᱢᱮᱡᱟ ᱫᱟᱜ ᱧᱩ ᱦᱚᱵᱚ ᱠᱟᱛᱮ ।ᱠᱟᱞᱚᱥᱮ ᱪᱟᱪᱟᱭ ᱛᱟᱸᱦᱮᱱ ᱚᱱᱟ ᱫᱟᱜ ᱨᱮ ᱪᱤᱡ ᱢᱮᱡᱟ ᱢᱮᱱᱟᱜ-ᱟ ।ᱪᱟᱪᱟᱭ ᱠᱟᱛᱮᱜ ᱦᱚᱸ ᱤᱧᱟᱜ ᱛᱤ ᱠᱷᱚᱱ ᱫᱟᱜ ᱪᱟᱹᱝᱤ ᱦᱟᱛᱟᱣ ᱠᱮᱫᱟᱭ ᱟᱨ ᱥᱟᱸᱫᱟ ᱢᱚᱵᱟ ᱟᱛᱮᱜ ᱚᱱᱟ ᱪᱤᱡ ᱢᱮᱡᱟ ᱫᱟᱜ ᱧᱩ ᱠᱮᱫᱟᱭ ।

ᱱᱤᱛᱚᱜ ᱤᱧ ᱥᱟᱹᱭ ᱡᱚᱫᱚᱨᱮᱫᱟ ᱝᱤᱭᱚᱱ ᱨᱮᱱᱟᱜ ᱢᱤᱫ ᱪᱟᱨ ᱠᱟᱛᱷᱟ ।ᱩᱱᱤ ᱜᱚᱞ ᱨᱮᱭᱟᱜ ᱵᱮᱫ ᱟᱞᱮ ᱦᱚᱸ ᱪᱟᱲ ᱛᱟᱸᱦᱮ ᱠᱟᱱᱟ ᱤᱧᱝᱷᱮᱱ ᱵᱮᱫᱟᱜ ᱡᱮ ᱩᱱᱤ ᱥᱮᱠᱟᱱ ᱪᱟᱹᱦᱩ ᱧᱟᱢ ᱫᱚ ᱢᱚᱥᱚᱲ ᱥᱤᱠᱷᱚᱱ ᱵᱷᱟᱴᱟ ᱪᱟᱲ ᱠᱚ ᱧᱟᱢᱚᱜ-ᱟ ।ᱞᱟᱸᱦᱟᱭ ᱠᱩᱴᱤ ᱞᱷᱚᱛᱚᱵᱟᱜ ᱩᱞᱟᱹᱴ ᱵᱟᱪᱟ ᱠᱟᱛᱮ ᱟᱞ ᱞᱟᱸᱣᱟᱭ ᱠᱩᱡᱤ ᱟᱫᱮ ᱛᱟᱸᱦᱮᱜ ᱮ ।ᱟᱝ ᱦᱟᱱᱦᱟᱝ ᱦᱚᱧᱦᱟᱝ ᱫᱮᱪᱟ–ᱡᱮᱪᱟ ᱟᱠᱚ ᱛᱟᱸᱦᱮᱜ ।ᱡᱟᱹᱝᱤᱜᱮ ᱱᱚᱲᱠᱟᱱ ᱠᱩᱴᱤ ᱧᱟᱢ ᱫᱚ ᱢᱚᱥᱚᱲ ᱝᱮᱭᱟᱜ ᱥᱤᱠᱷᱚᱱ ᱵᱷᱟᱴᱟ ᱟᱝ ᱵᱮᱫ ?

ᱩᱱᱤ ᱠᱤ ᱞᱟᱸᱦᱟᱭ ᱠᱩᱡᱤᱭᱟᱠᱚ ᱛᱟᱸᱦᱮᱜ ? ᱡᱮ ᱩᱱᱤᱝᱮᱱ ᱫᱩᱥᱟᱹᱴᱤᱭᱟᱹ ᱠᱚ ᱛᱟᱸᱦᱮ ᱠᱟᱱ ᱛᱟᱭᱟ ? ᱚᱱᱟ ᱠᱟᱛᱷᱟ ᱩᱭᱦᱟᱹᱝ ᱦᱚᱸ ᱟᱹᱪᱤᱜᱮ ᱪᱟᱹᱴᱤᱞ ᱞᱤᱱᱤᱡ ᱠᱟᱱᱟ ।ᱩᱱᱤ ᱟᱹᱪᱤ ᱪᱷᱟᱜᱮ ᱪᱟᱹᱦᱩ ᱠᱩᱴᱤ ᱛᱟᱸᱦᱮ ᱠᱟᱱᱟᱭ ।ᱟᱞᱟᱜ ᱢᱚᱱᱮ ᱪᱷᱤᱛᱤᱝ ᱝᱮ ᱤᱧ ᱟᱝ ᱤᱧᱟᱜ ᱜᱷᱟᱝᱚᱸᱞ ᱛᱟᱸᱦᱮ ᱠᱟᱱᱟ ।ᱮᱱᱛᱮ ᱝᱮᱦᱚᱸ ᱩᱱᱤ ᱵᱮᱫᱟᱜ ᱤᱧ ᱜᱚᱞ ᱠᱮᱫᱮᱭᱟ ?ᱟᱞᱚᱢ ᱥᱮᱠᱷᱟᱱ ᱢᱚᱱᱮ ᱠᱚ ᱝᱟᱜ ᱜᱚᱫᱟᱭ । ᱠᱟᱞᱚᱥ ᱫᱩᱧ ᱠᱮᱫᱮᱭᱟ ᱤᱧ ᱵᱷᱩᱝᱠᱤ ᱟᱭᱚ ᱣᱟᱜ ᱠᱟᱛᱷᱟ ᱛᱮ ।ᱤᱧ ᱝᱷᱩᱝᱠᱤ ᱟᱭᱚ ᱫᱚ ᱠᱟᱞᱚᱥ ᱮᱠᱟᱥ ᱜᱮ ᱪᱟᱭ ᱠᱩᱡᱤ ᱟᱭ ᱛᱟᱸᱦᱮᱫ ।ᱠᱟᱞᱚᱥ ᱫᱚ ᱮᱸᱜᱟᱛ–ᱟᱴᱟᱛ ᱛᱮ ᱝᱩᱷᱟᱹᱳ ᱛᱟᱸᱦᱮ

[illegible]

[illegible]



নারী

উমা মাহাত
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- প্রথম

যখন তুমি ভূমিষ্ঠ হলে,
মার মুখ কাঁদো কাঁদো।
বাবা গম্ভীর, রেগে লাল।
পাড়া-প্রতিবেশীও বলল কত কিছু,
মা শুধু কাঁদে করে মাথা নিচু।
ঠাকুমাতো বলেই দিলেন-
হ্যাঁরে শ্যাম! তোর বউ কী অকল্যাণী রে!
আবার কন্যা সন্তান!
আগেরবার করলি,
ভ্রূণেতেই হত্যা।
আবার একই পরিণাম!
বাবু তুই আবার বিয়ে কর,
একে দিয়ে আয় বাপের ঘর।
তখন থেকে চলল,
মায়ের লড়াই।
এবাড়ি থেকে ও বাড়ি,
ঠোঙা থেকে সেলাই।

কেন জানো—
তোমার জন্য।
মা তোমাকে দিয়েই প্রমাণ করতে চায়,
মেয়েরা নয় নগণ্য।
মেয়েরাও পারে সেলাই থেকে প্লেন চালান,
মুক্তা তুলে আনা থেকে এভারেস্ট অভিযান।
তোমাকেই আঙুল উঁচিয়ে দেখাতে হবে,
সমাজের যত ভুল।
অকালেই যেন না ঝরে,
মাতৃনামক ফুল!
যেন না হয়,
কোনো বধু স্বামী ছাড়া,
কোনো শিশু পিতৃহারা।



সত্যি! মেয়ে তুমি বড়ো অসহায়

অনুপ কুমার মাহাত
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- তৃতীয়

মেয়ে তুমি সুন্দরী হলে; স্বামী সর্বদা
সন্দেহের চোখে দেখবে তোমায়।
কুৎসিত হলে, অন্য মেয়ের সনে
মাতবে পরকীয়ায়। সত্যি! মেয়ে তুমি
বড়ো অসহায়!
মেয়ে তুমি উচ্চশিক্ষিত হলে; স্বামী
সর্বদা থাকে হীনমন্যতায়। অশিক্ষিত
হলে সংসারে রাখবে অবহেলায়।
সত্যি! মেয়ে তুমি
বড়ো অসহায়।

মেয়ে তুমি গরীব বাবার সন্তান হলে
স্বামী সর্বদা তাচ্ছিল্য; কথায় কথায় খোঁটা দেবে। ধনীর দুলালী হলে
স্বামীর অধিকার খাটিয়ে
রাখবে খুশিমজায়। সত্যি! মেয়ে তুমি
বড়ো অসহায়।



মেয়ে তুমি গৃহবধূ হলে
স্বামী সর্বদা বলবে তুমি সেকেলে,
একটু মডার্ণ হতে চাইলে বলবে
তুমি নষ্ট হয়ে গেছো আধুনিকতার
ছোঁয়ায়। সত্যি! মেয়ে তুমি
বড়ো অসহায়।

মেয়ে তুমি লক্ষ্মী সতী বউয়ের মতো
একটু সংকীর্ণতায় ঘরের কোণে
থাকলে স্বামী সর্বদা বলবে 'মেয়েরা
তো এমনি।' সংকীর্ণতা কাটিয়ে
খোলা আকাশ দেখতে চাইলে
আটকাবে সতীত্বের অছিলায়। সত্যি! মেয়ে তুমি
বড়ো অসহায়।

হরেক পাখি

অনুপ মাহাত
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- পঞ্চম

টিয়া পাখি সবুজ রঙের
কাকের রং কালো,
কোকিলের রং ছাই হলেও
ডাকলে ভুবন আলো।
কাকাতুয়ার মাথায় ঝুঁটি
বলে সে অনেক কথা,
রাতে জাগে হুতুম পেঁচা,
শিকারের খোঁজে ঘোরায় মাথা।
সারা বিশ্বে হরেক পাখি,
দেখতে হরেক রকম।
আমাদের আছে অনেক পায়রা,
করে শুধু বকম-বকম।
সারা বিশ্বে হরেক পাখি, হরেক রকম সুর।
সব থেকে সুন্দর পাখি হল,
জাতীয় পাখি ময়ূর।

চাতক পাখি জল চাইলেই,
বৃষ্টি আসে ঝেঁপে।
ছোটবেলায় মা বলতো ছড়া,
ধান দেবো আমি মেপে।
চড়ুই পাখির বড়াই কত,
অট্টালিকায় থাকে।
কোকিল বাসা বাঁধতে জানে না,
বাচ্চা পোষে তার কাকে।
হরেক পাখির অজানা কথা,
জানতে পড়ো বই।
আমি কিন্তু এক ছোট্ট ছেলে,
পাখি বিশেষজ্ঞ নই।



দীপাবলির কবিতা

মৌমিতা মাহাত
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- প্রথম

রঙিন সব আলো দিয়ে গোটা শহর সেজেছে,
খুশির উৎসব দীপাবলি এসেছে।
অন্ধকার কেটে উঠে চারিদিক সব আলোকিত,
সবার মন উৎসবের আমেজ, সবাই কত খুশি দেখো।
বাজি, পটকা ফাটিয়ে কচিকাঁচারা করছে দেখো মজা,
তার সাথে আছে ঝাড়বাতি তাই খুশির বাজনা বাজা।
আলোর এই অনুষ্ঠানে নেই অবিচার,
জাত ধর্ম মিলেমিশে সব একাকার।
আলোর এই শিখা সারাক্ষণ জ্বলুক,
দুনিয়ার যত দুঃখ, যত কষ্ট, আঁধার— সব নিভুক!



শুধু সময়ের অপেক্ষা

অনিতা পাল
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- প্রথম

আজ তুমি ভেঙে পড়ো না
সাহস জোগাও বুকে,
একটু ধৈর্য ধরো
তোমারও সময় আসবে।
তোমায় যারা করছে অবহেলা,
তারা সবাই তোমায় চিনবে,
শুধু সময়ের অপেক্ষা।
জেনে রেখো তুমি যা পারবে,
তা আর কেউ পারবে না।
তুমি পারবে,
শুধু সময়ের অপেক্ষা।
তোমায় নানা ভাবে বিভ্রান্ত করা হবে
তোমায় নানা ভাবে অবহেলা করা হবে,
তবুও তুমি হার মেনো না,
তবুও তুমি ভেঙে পড়ো না।
তুমি পারবে—
শুধু সময়ের অপেক্ষা।
তুমি হয়তো জানো না
তুমি— তারা,
তুমি— আলো,
তুমি হয়তো জানো না
তুমি, উজ্জ্বল ভবিষ্যতের শিক্ষা
শুধু সময়ের অপেক্ষা।



আমার ইচ্ছে

রচনা সামন্ত
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- প্রথম

আমি যদি হতাম পাখি,
উড়ে যেতাম ওই নীল আকাশে।
উড়ে এসে বসতাম,
বাবুদের ওই বাড়ির ছাদে।
ডানা মেলে উড়ে বেড়াতাম,
আকাশের ওই বুকে।
থাকতো না পড়াশোনা,
থাকতো না মা-বাবার কোনো বকা-ঝকা।
শুধু উড়ে বেড়াতাম,
ওই নীল আকাশে।
সারাদিন উড়ে যেতাম,
এ ডাল থেকে ও ডাল।
এ বাড়ির ছাদ থেকে ও বাড়ির ছাদ,
তবে আমি উড়ে যাই।
বাড়ি ঘর ছেড়ে দূর দেশে যাই,
ছেড়ে যাই ধারাপাত।



স্কুলের শেষ দিনের স্মৃতি

রুমা মাহাত
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- তৃতীয়

শেষ হল স্কুলের নিজের রুমের অধিকার,
যে ব্যাগটা ভারী বলে একদিন বই নিতাম না,
সেই ব্যাগটায় আজ বইয়ের অভাব ভালোই বুঝতে পারি।

ক্লাস ফাঁকি দিয়ে পাঁচিল পার হয়েছি একদিন,
আজ সেই স্কুলের পাঁচিলটা যেন হেসে বলে,
আজ তোদের ভিতরে যাওয়া নিষেধ।

মনে পড়ে সেই হারিয়ে ফেলা দিনগুলি,
মনে পড়ে...
সেখানেই ছিল চেনা বাবুদের ক্যান্টিন।
একটু ঝালমুড়ি নেওয়ার লাইন,
অনেক কিছুর আওয়াজ...
আর ঘন্টা পড়ে যাওয়ার ভয়।

ছিল স্যারদের নতুন নাম,
যে নামটা স্যারেদের অজানা।
প্রথম বেঞ্চে বসার তাড়া,
পাঁচ বান্ধবী মিলে একটা বেঞ্চে বসা।
সত্যিই ইতিহাসের পাতায় লেখা না থাকলেও,
আমরা যে ইতিহাস জীবনে প্রত্যক্ষ
করেছি, তার আরেক নাম 'স্কুল'।



ট্রেন দুর্ঘটনা

দেবপ্রিয়া পান
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- তৃতীয়

এক অজানা দীর্ঘশ্বাস
ব্যাথা বেদনায় শোকাতুর নাভিশ্বাস
এখনো ভাসছে ঘ্রাণে দুর্গন্ধ
লাশ কাটা ঘরে ওরা ঘুমোচ্ছে
একে বারে শেষ ঘুম।
আর কথা বলবে না,
আর তাকাবে না,
আর কোন যন্ত্রণা নয়—
হাত কাটা পা কাটা,
দেহ কাটা, পুড়ে গেছে শরীর গুলো।
মাত্র পঞ্চাশ দিনের নব্য শিশু,
ফ্যালফ্যাল করে তাকিয়ে আছে,
মায়ের থানে, সাদা কাপড়ে।
কারো বা গলায়,
শেষকর্মের পরিহিত একটি থান,
আঁখির জল সব শুকিয়ে গেছে,
অনেক হাহাকারে হৃদয় দুর্ভিক্ষে
চোখের সামনে জ্বলছে চিতা,
মুহূর্তে উধাও জীবন্ত শরীর।
কাঁদবার জন্য পড়ে রইলো,
স্বজন হারানো আকাশ বাতাস
সমুদ্র, পাহাড়, পরিবার—
আমরা একটু ভাবলাম কী!



ভারতমাতার কন্যা সন্তান

পায়েল বেরা
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- প্রথম

আমাদের ভারতমাতা
আমরা তারই
কন্যা সন্তান।
কন্যা হলে কী হবে
আমরা যে মায়ের প্রিয় সন্তান
কন্যাকে ভেবো না কোন সময় দুর্বল
কন্যা ছাড়া এ জগত অচল
আমাদের ভারতমাতা
আমরা তারই
কন্যা সন্তান।
আমরা কন্যা বলে থাকি নীরব
তা বলে ভেবো না দুর্বল
যখন আমাদের দুর্গাময়ী রূপ
জেগে উঠবে
তখন আমরা করব
সকল পাপকে বিনাশ
আমাদের ভারতমাতা
আমরা তারই
কন্যা সন্তান।

কন্যা আমরা কন্যা আমরা
কন্যাকে দিও সম্মান
আমাদের ভারতমাতা
আমরা তারই
কন্যা সন্তান।
কন্যা কন্যা কন্যা
কন্যা ছাড়া নেই কোন সম্মান
কন্যাকে যদি দাও কষ্ট
তবে পাবে নিজে কষ্ট
আমাদের ভারতমাতা
আমরা তারই
কন্যা সন্তান।



তোরা হবি ইতিহাস

রাণী মন্ডল
বিভাগ- সমাজতত্ত্ব, সেমিস্টার- পঞ্চম

কেমন আছো?
একি তোমার চোখে জল!
তোমার শরীর এত গরম
নীরস কেন?
তোমার চেহারা শীর্ণ হয়েছে
টোল গাল হয়েছে জীর্ণ
দাঁতগুলি অকালে স্থান ত্যাগ করেছে।
এইতো সেদিন তোমার যৌবনে বসেছিল
মেলা।
হরেক প্রজাপতি তোমার শিরায় উপশিরায়
ঘুরে বেড়াত
পাখির কূজনে ভাঙতো ঘুম
ফিরতো চাঁদ
ফুলের সুবাসে মেতে উঠতো
শরীরের কোষগুলি
মাতাল হতো; আড়ষ্ঠ হতো।
অনুগামীরা।
সেইসময় বিষ বিষ করে আর্তনাদ
ভেসে এলো
আমি অবাক হয়ে তাকালাম
শুনতে পেলাম ক্ষোভের হুংকার
তোরা পুরুষ তোদের জন্ম আমার গর্ভে
সব দিয়েছি—
হৃদপিণ্ডটাও

বিনিময় তোরা দিয়েছিস—
বিষের প্রলেপ
ধোঁয়ার স্তূপ
জঞ্জালের পাহাড়
আমার লোমগুলো কেটেছিস
খুঁড়েছিস; আলগা করেছিস
আমাকে নিয়ে খেলে চলেছিস
ভাবছিস তোদের জয় হচ্ছে
না রে না!
সাবধান! আমি আবার সাজব
জাগব আবার
ধ্বংস করব তোদের অহমিকা—
তোরা হবি ইতিহাস।



সুখের স্বাধীনতা

নূপুর মাহাত

বিভাগ- রাষ্ট্রবিজ্ঞান, সেমিস্টার- প্রথম

যে না দেখেছে সুখের মুখ
সেকি বুঝবে স্বাধীনতার সুখ
স্বাস্থ্যের চাইতে বড় সম্পদ
অল্পে তুষ্টির চাইতে বড় সুখ
আর কিছু নেই
অন্যের অভিমানী চোখ উপেক্ষা করে
অদৃশ্য ডানা মেলে ওড়া
মনের আনন্দের শহর গড়া
সকল আপত্তি ভেঙে দেওয়া
হিংস্র জগৎ থেকে বেরিয়ে আসা
সুখের বাঁধ ভেঙে ফেলা
তাই তো—
''বাবুই পাখিরে ডাকি বলিছে চড়াই
কুঁড়ে ঘরে থেকে করো শিল্পের বড়াই?
আমি থাকি মহা সুখে অট্টালিকা পরে
তুমি কত কষ্ট পাও রোদ বৃষ্টি ঝড়ে!
বাবুই হাসিয়া কহে, সন্দেহ কি তায়!
কষ্ট পাই তবু থাকি নিজের বাসায়;
পাকা হোক। তবু ভাই পরের তো বাসা
নিজে হাতে গড়া মোর কাঁচা ঘর
খাসা!''

সুখ খুঁজতে গিয়ে অসুখে পড়ে যেও না
স্বাধীনতা খোঁজো তোমার সুখ একাই
আসবে,
নিজের আত্মাকে মুক্তি দাও স্বাধীনতা
এমনি আসবে,
মনের জানালা খুলে দাও
সুখের বাতাস ঘরে এমনি আসবে,
শুধু সুখ খুঁজতে যেও না সাথী
নিজেকে খোঁজো। কোথায় তোমার
স্বাধীনতা! কোথায় তুমি?
উত্তর মিললেই যে পেয়ে যাবে
সুখের স্বাধীনতা।



নারী হতে চাই

কোয়েল প্রামালিক
বিভাগ- সমাজতত্ত্ব, সেমিস্টার- প্রথম

কেন রে তুই সহিস এত তাপ?
নারী হয়ে জন্মানো কি এতই বড় পাপ!
কেন তোরাই আবার নারীকে বেঁধে
তার স্বাধীনতা কাড়তে চাস?
নারীর অধিকার আছে মুক্ত মনে
খোলা আকাশের নিচে স্বাধীনভাবে
বেঁচে থাকার। নারী নীরবে
বসে থাকার নয়,
পুরুষের সঙ্গে তাল মেলানোই নারী।
নারী শুধু সংসার পরিচালনার জন্য নয়
জগৎ সামলানোর জন্য নারী।
কন্যা ভ্রূণ হয়ে যখন
পৃথিবীতে আসতে চাই
কেন তোরা হত্যা করিস?
আমি তো... নারী হতে চাই।
এখনো কেন নারীর দিকে তোদের লোলুপ দৃষ্টি?
নারী-পুরুষ সবাই মানুষ
জানিস না এ যে— দেবতারই সৃষ্টি!



[illegible]

প্রসেনজিত ভাদুলি

বিভাগ-ইতিহাস, সেমিস্টার- পঞ্চম

[illegible]
[illegible]
[illegible] ।

[illegible]
[illegible]
[illegible]
[illegible] ।
[illegible]
[illegible] ।

[illegible]
[illegible] ।
[illegible]
[illegible]
[illegible]
[illegible] ।

ᱠᱮᱨᱟᱭ ᱵᱮᱨᱟᱭ

সবনাখা মুর্মু

বিভাগ-বাংলা, সেমিস্টার- পঞ্চম

ᱥᱮᱞᱟᱭ ᱢᱟᱫᱮᱱ ᱵᱮᱨᱟᱭ

ᱚᱮᱨᱟᱦᱟᱜ ᱟᱞᱟᱭ ᱠᱮᱨᱟᱭ

ᱡᱚᱭᱟᱹᱛ ᱟᱞᱟᱭ ᱤᱟᱹᱚᱱ ᱯᱟᱹᱦᱱᱠ

ᱠᱟᱢᱟ ᱨᱟᱞᱟᱭ ᱢᱱᱽᱠᱵᱟᱹ ᱢᱱᱽᱯᱱᱠᱵᱟᱹ ᱟᱹᱛᱱᱠ

ᱟᱞᱛ ᱫᱡᱥᱦᱮ ᱫᱮᱭᱟᱜ ᱫᱟᱦᱟᱜ ᱥᱟᱛᱮ

ᱮᱭᱢᱛᱽ ᱛᱮᱥᱟᱜ ᱠᱟᱡᱚᱟ ᱵᱟᱹᱫᱱ ᱞᱟᱞᱛᱭ ᱛᱟᱯᱟᱜ ᱢᱟᱦᱮ ᱯᱛᱟᱦᱮ

ᱞᱛᱟᱦᱚ ᱥᱱᱠᱛᱫ ᱦᱮᱞᱛᱭ ᱤᱟᱭᱟᱫ ᱟᱵᱟᱭ ᱠᱟᱭᱟᱫ ᱵᱛᱛᱭ ᱫᱟᱛᱟᱥ

ᱮᱭᱢᱽ ᱛᱮᱥᱟᱜ ᱟᱹᱨᱥᱟᱹᱦ ᱞᱟᱹᱭᱡᱜ ᱟᱞᱛ ᱤᱟᱭᱟᱫ ᱟᱛᱟᱥ ।

ইতিহাস চেতনা এবং আধুনিক সমাজ

সংগীতা বেতাল
বিভাগ- ইতিহাস, সেমিস্টার - পঞ্চম

'ইতিহাস'— এই শব্দের ব্যাপক তাৎপর্য বর্তমান। যদিও ইতিহাসের কোনো সুনির্দিষ্ট সংজ্ঞা নেই। তবে সাধারণ ভাবে বলা যায় মানব জাতির বিবর্তনের গুরুত্বপূর্ণ ঘটনার যুক্তি-গ্রাহ্য লিখিত পুঙ্খানুপুঙ্খ তথ্যনিষ্ঠ বিবরণই হল ইতিহাস।

ইতিহাস শুনলে অথবা বললে বেশিরভাগ সাধারণ মানুষের মনে হয় যে, ইতিহাস মানেই কেবল যুদ্ধ। যেখানে কেবল মাত্র বাবর, আকবর, হুমায়ুন। কিন্তু শুধু কি তাই! যদিও প্রসঙ্গ ক্রমে বলা যায় যে, এই ধারণাটির বিকাশ ঘটেছে আমাদের বিদ্যালয় স্তরের পাঠ্যক্রম থেকে। যেখানে ইতিহাস মানে কেবল যুদ্ধের কথাই বলা হয়েছে। কিন্তু আমি ইতিহাসের এক অতি সাধারণ ছাত্রী হিসেবে বলতে পারি, ইতিহাস মানে কেবল যুদ্ধ নয়, বাস্তব জীবনের সবকিছু নিয়েই তৈরি ইতিহাস। ইতিহাস কেবল রাজা বা সম্রাটের কাহিনি নয়, সেখানে আছে সাধারণ মানুষের জীবন কাহিনি। কারণ ইতিহাস হল সমাজবিজ্ঞান। অর্থাৎ সমাজ সংক্রান্ত বিজ্ঞান। আজ সমাজ যেভাবে চলছে, কাল সেই সমাজের পরিবর্তনও হতে পারে।

অনেকের মনে প্রশ্ন জেগে ওঠে যে, আমরা ইতিহাস কেন পড়ব? অতীতকে কেন জানব? কিন্তু যদি বলা হয়, কেনই বা ইতিহাস শাস্ত্র রচনা বা পঠন-পাঠন করব? কারণ ইতিহাস এমন একটি শাস্ত্র, যা অতীতকে তুলে ধরে, বর্তমানকে বিশ্লেষণ করে, ভবিষ্যৎ জীবনকে সুরক্ষিত করে। বর্তমান সময়ে এসে ইতিহাস কেবল রাজনৈতিক বিষয় নিয়ে আলোচনা করে না। ইতিহাসের পরিধি বিস্তৃত হয়েছে দিক থেকে দিগন্তরে। সমাজ জীবনের প্রতিটি বিষয়বস্তু ইতিহাসের অন্তর্ভুক্ত।

ইতিহাস এমন একটি শাস্ত্র, যে শাস্ত্রে বর্ণিত হয়েছে মানুষের গণ-আন্দোলনের ইতিহাস। ইতিহাস এমন একটি আলোচনার জায়গা, যেখানে মানুষ ভবিষ্যৎ জীবনে চলার শিক্ষা পায়।

এরপর আলোচনায় আসা যাক ইতিহাস ও ঐতিহাসিকের মধ্যেকার সম্পর্ক আলোচনায়। কারণ একজন দক্ষ ঐতিহাসিকই পারেন প্রকৃত ইতিহাস রচনা করতে। অবশ্যই তিনি একজন নিরপেক্ষ ঐতিহাসিক হবেন। তিনি নিশ্চয় ইতিহাস শাস্ত্র রচনা করতে গিয়ে অপ্রয়োজনীয় বা অবাঞ্ছিত তথ্য তুলে ধরবেন না। ইতিহাসের অন্যতম বৈশিষ্ট্য হল— 'বিতর্ক'। কারণ বিভিন্ন ঐতিহাসিক বিভিন্ন ভাবে আধুনিক ইতিহাস চর্চার ওপর গবেষণা করেছেন। যিনি

যেভাবে পাঠ করেছেন, তিনি সেটিকে সেভাবেই ব্যাখ্যা করবেন। এই ভাবে ইতিহাস শাস্ত্র রচনা করতে গিয়ে নানা বিতর্ক দেখা দেয়। এটি এমন একটি শাস্ত্র, যা জনসাধারণের সামনে যেভাবে পেশ করা হবে, জনগণ সেই ঘটনাকে সেই ভাবে মেনে নেবে। তাই ঐতিহাসিককে ইতিহাস শাস্ত্রকে খুব সাবধানতার সঙ্গে সমাজের সামনে উপস্থিত করতে হবে। ইতিহাস বর্তমান সময়ে দাঁড়িয়ে সব জায়গাতেই প্রাসঙ্গিক স্থান দখল করে নিয়েছে। আজ তাই আলোচিত হচ্ছে তথ্য প্রযুক্তির ইতিহাস, পরিবেশের ইতিহাস সহ আরো অনেক কিছু। প্রতিটি ব্যক্তি বা কর্মকাণ্ডের সুবিস্তৃত ইতিহাস রয়েছে।

বর্তমানকে জানতে হলে পাঠ করতে হবে অতীতকে। অতীত থেকে শিক্ষা নিয়েই তবে এগিয়ে যেতে হবে ভবিষ্যতের দিকে। করোনা ভাইরাস-এর প্রকোপ চলাকালীন সমগ্র বিশ্ব যে ভয়াবহ সংকটের সম্মুখীন হয়েছিল, তা আজ ইতিহাস। ইতিহাস কেবলমাত্র কয়েকটি ঘটনার সমাহার নয়, তা একটি শিক্ষা। তাই যত দিন না ইতিহাসকে আমরা ঠিকভাবে অনুধাবন করব, ততদিন ইতিহাস তার সার্থকতা খুঁজে পাবে না।



করম পূজা

সাথী মহিশ
বিভাগ- ইতিহাস, সেমিস্টার- প্রথম

উৎসব: করম পূজা একটি কৃষিভিত্তিক লোক উৎসব। ভারতের ঝাড়খণ্ড, বিহার, মধ্যপ্রদেশ, ছত্রিশগড়, আসাম, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশে এই উৎসবটি পালন করা হয়ে থাকে। এই উৎসবে করম দেবতার উপাসনা করা হয়। যিনি শক্তি, যুব ও যৌবনের দেবতা। এ ছাড়াও করম পরব পশ্চিমবঙ্গের পুরুলিয়া, ঝাড়গ্রামও পশ্চিম মেদিনীপুর জেলার কুড়মি ও ভূমিজ, বৃহৎ গোষ্ঠী সাঁওতাল ও মুণ্ডারাও এই উৎসব পালন করে থাকে।

পালনরীতি: প্রতি বছর ভাদ্র মাসের শুক্লা একাদশী তিথিতে করমপরম উৎসব হয়ে থাকে। এর সাত দিন আগে মেয়েরা ভোরবেলায় সালে দাঁতন কাটি ভেঙে নদী বা পুকুরে স্নান করে বাঁশ দিয়ে বোনা ছোট টুপা বা ডালার বালি দিয়ে ভর্তি করে। তারপর গ্রামের প্রান্তে একস্থানে ডালা গুলিকে রেখে গান গাইতে গাইতে তিন পাক ঘোরে, এরপর তাতে তেল ও হলুদ দিয়ে মটর, মুগ, বুট, জোনার ও কুন্থি কলাই মাখানো হয়। অবিবাহিত মেয়েরা স্নান করে ভিজে কাপড়ে ছোট শাল পাতার থালায় বীজগুলিকে বুনে দেয় ও তাতে সিঁদুর ও কাজলের তিনটি দাগ টানা হয়। যার নাম দেওয়া হয় বাগলা জাওয়া। এরপর ডালাতে বীজ বোনা হয়। এরপর প্রত্যেকের জায়গা চিহ্নিত করার জন্য বাঁশ কাঠি পুঁতে দেওয়া হয়। একে জাওয়া পাতা বলা হয়। যে ডালায় একাধিক বীজ পোঁতা হয়, তাকে সাঙ্গী জাওয়া বা সঙ্গী যুক্ত জাওয়া বলা হয়। যে ডালায় একটি বীজ পোঁতা হয়, তাকে একাঙ্গী জাওয়া ডালা বলা হয়। যে সমস্ত মেয়েরা এই কাজ করে, তাদের জাওয়ার মা বা করম মা বলা হয়। বাগলা জাওয়া গুলিকে লুকিয়ে রেখে ডালার জাওয়া গুলিকে নিয়ে তারা গ্রামে ফিরে আসে। দিনের স্নান সেরে পাঁচটি ঝিঙ্গাপাতা উল্টো করে বিছিয়ে প্রতি পাতায় একটি দাঁতন কাটি রাখা হয়। পরের দিন গোবর দিয়ে পরিষ্কার করে আলপনা দেওয়া হয় ও দেওয়ালের সিঁদুরের দান দিয়ে কাজলের ফোঁটা দেওয়া হয়। পুরুষরা শাল গাছের ছাল ডাল সংগ্রহ করে। গ্রামে বয়স্কদের একটি নির্দিষ্ট করা স্থানে দুটি করম ডাল এনে পুঁতে রাখা হয়। যা সন্ধ্যার পরে করম ঠাকুর হিসেবে পূজিত হয়। কুমারী মেয়েরা সারাদিন উপোস করে সন্ধ্যার পরে থালায় ফুলফল সহকারে নৈবেদ্য সাজিয়ে এই স্থানে পূজা করেন। এরপর সারারাত ধরে নাচ গান চলে। পরের দিন সকালে মেয়েরা জাওয়া থেকে অঙ্কুরিত বীজগুলি উপড়ে নিজেদের মধ্যে ভাগাভাগি করে নিয়ে, বাড়িতে বিভিন্ন স্থানে সেগুলি ছড়িয়ে দেয়। তারপর করম ডালটিকে জলে ভাসিয়ে দেওয়া হয়। পূজোর পর মেয়েরা পরস্পরকে করমডোর বা রাখি পরিয়ে দেয়। এই করমসখীরা কর্মস্থলে একে অপরের সঙ্গে রঙ্গ-তামাশা করে, জঙ্গলের পাখির ডাক নকলের মাধ্যমে বিপদের আশঙ্কা জানায়।

কুড়মি সম্প্রদায়: একটি সমাজতাত্ত্বিক দৃষ্টিভঙ্গি

পারমিতা মাহাত
বিভাগ- সমাজতত্ত্ব, সেমিস্টার- পঞ্চম

সাধারণত 'কুড়মি' বলতে মাহাতো সম্প্রদায়ের মানুষকে বলা হয়ে থাকে। মাহাতোদের পূর্ব পুরুষ ছিল আদিম জনগোষ্ঠী। তাই তাদেরকে বলা হয় 'আদিবাসী কুড়মি সমাজ'। অন্যান্য জনগোষ্ঠীর মতো কুড়মিদেরও নিজস্ব পরিচয়, নিজস্ব ভাষা, আচার অনুষ্ঠান, রীতিনীতি— অনেক কিছুই দেখতে পাওয়া যায়। কুড়মিরা ভারতের নানা রাজ্যে বসবাস করে। ভারত ছাড়াও অন্যান্য জায়গা যেমন বাংলাদেশেও কুড়মিরা বসবাস করে। পশ্চিমবঙ্গের বেশ কিছু জেলাতে এদের প্রভাব বেশি। যেমন ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, পুরুলিয়া প্রভৃতি। এর থেকেই বোঝা যায় পশ্চিমবঙ্গে অধিকাংশ মাহাতো সম্প্রদায়ের বসবাস।

আমি নিজে একজন কুড়মি সম্প্রদায়ের সদস্য। এই প্রবন্ধের মাধ্যমে আমি মূলত কুড়মি সম্প্রদায়ের বৈশিষ্ট্য ও স্বতন্ত্রতা পাঠকের কাছে তুলে ধরতে চাই। প্রবন্ধে উল্লেখিত তথ্য গুলি আমি বিভিন্ন সূত্র থেকে সংগ্রহ করেছি, যেগুলির শেষে বিস্তারিত পরিচয় দেওয়া আছে। পাশাপাশি আমি নিজে একজন কুড়মি হওয়ার দরুন আমাদের সম্প্রদায়ের বিভিন্ন বৈশিষ্ট্য দৈনন্দিন জীবনের অভিজ্ঞতা থেকে তুলে ধরেছি।

কুড়মিদের ভাষা মূলত 'কুড়মালি'। কুড়মি জনগোষ্ঠীর নাম অনুসারে ভাষার নাম হয় 'কুড়মালি ভাষা'। যেমন— আমি = মঞ, আমরা = হামরা, আমার = মর/হামর, আমাকে = মকে/হামকে, তোমারা = তহরা, তোমার = তর, তোমাকে, তোকে ইত্যাদি। এছাড়া ও আরো অনেক বৈচিত্র্য রয়েছে কুড়মালি ভাষায়। মাহাতোদের সম্পর্কে লেখা প্রথম উপন্যাস হল 'কারাম'। উপন্যাসটি লিখেছেন গবেষক উজ্জ্বল মাহাতো। তাঁর লেখা আরো একটি গ্রন্থ হল 'কতাথুয়েঁন: মাহাতো ডিকশনারি'। কুড়মালি ভাষায় লেখা প্রথম নাটক হল 'হটংটয়া'।

কুড়মি সম্প্রদায়ের মানুষরা সাধারণত প্রকৃতির পুজো করে থাকে। তারা প্রতিদিন সকালে পূর্বদিকের আকাশে ওঠা এবং পশ্চিম আকাশে অস্ত যাওয়ার সূর্যকে বেশি বিশ্বাস করে। তারা যদি কখনো কোনো পাপ বা খারাপ কাজ করে থাকে, তখন তাদের মুখেই শুনেছি যে—''সেই বিচার করবে, যে প্রতিদিন উঠছে এবং ডুবছে।'' অর্থাৎ 'সূর্যপূজা' বলতে গেলে বোঝায় 'সূরজাহি ধরম পূজা'। কোনো পরিবারে পুত্র সন্তান জন্ম নিলে মাথা মুণ্ডন করার মধ্যে দিয়ে এই 'সূরজাহি ধরম পূজা' সম্পূর্ণ করা হয়ে থাকে।

আবার কুড়মিদের রয়েছে বারো মাসে তেরো পার্বণ। কুড়মিদের প্রধান উৎসবগুলি হল করম পরম, জিতিয়া পরব, টুসু পরব, বাঁধনা পরব, রহিম পরব, চইত পরবগ, গরাম পূজা, বুড়াবাবার পূজা এবং কার্তিক মাসের তিথিতে 'গহাইল পূজা'। কুড়মি সমাজের অবিবাহিত মেয়েরা করম পরব বা পূজা করে থাকে, আবার অন্যদিকে বিবাহিত মহিলারা জিতিয়া পরব করে থাকে।

টুসু পরব শুরু হয় বাংলা পৌষ মাসের শেষ পাঁচটি দিন থেকে। সেইদিন গুলিকে বলা হয় আঁউড়ি, চাঁউড়ি, বাঁউড়ি, মকর এবং আখাইন জাতরা। আঁউড়ির দিন টুসুর আরাধনা করা হয় ও ভোগ নিবেদন করা হয়। চাঁউড়ির দিন বাড়ির মেয়েরা উঠানে মাটি, গোবর দিয়ে ভালো করে পরিষ্কার করে তার উপরে চালের গুঁড়ি দিয়ে আলপনা তৈরি করে। বাঁউড়ির দিন অর্ধচন্দ্রাকৃতি, ত্রিকোনা আকৃতির পিঠে তৈরি করা হয়। তাতে তিল, নারকেল বা মিষ্টির পুর দিয়ে ভর্তি করা হয়। এই পিঠেকে বলা হয় পুরপিঠা। বাঁউড়ির রাতে টুসুর জাগরণ হয়। সেই রাতে টুসু গানে সবাই অংশগ্রহণ করে এবং পরের দিন ভোরবেলায় টুসুকে নদী বা পুকুরে বিসর্জন করে থাকে। বিসর্জনের পর কুড়মিরা নদী বা পুকুরে স্নান সেরে নতুন বস্ত্র পরে। একে বলে মকর স্নান। তার পরের দিনকে বলে আখাইন জাতরা। কুড়মি সম্প্রদায়ের বেশিরভাগ মানুষ চাষবাস করে। পৌষ মাসের শেষে সমস্ত চাষীরা নতুন অন্ন বাড়িতে আনে বলে এই মকরের পরের দিন থেকে শুরু হয় নবান্ন উৎসব। এই ভাবেই টুসু পরব প্রচলিত রয়েছে। বাংলার লোকসঙ্গীত ও লোকসংস্কৃতিতে টুসুগান ও টুসু পরবের বিশেষ স্থান রয়েছে।

কুড়মি সম্প্রদায়ের মধ্যে প্রায় এক কোটিরও বেশি গোষ্ঠী আছে। এই গোষ্ঠীর পোশাক খুবই দৃষ্টিগোচর। পুরুষরা পরে ধুতি বা লুঙ্গির সঙ্গে গাভীন শার্ট আর মেয়েরা সাধারণত শাড়ি পরে। অলংকার হিসেবে হাতে থাকে কাট বাজু, পায়ে গরমাল, গলায় ধান বিছা, কোমরে ফিতা বা তারাহার বা তারার মতো অলংকার। আবার আগেকার দিনের মহিলারা সুদৃশ্য উল্কি করত এবং যে যার নাম লিখত শরীরের বিভিন্ন অঙ্গে। পুরুষরা অলংকার বলতে একধরনের সোনার কানসি পরত। কুড়মিদের প্রধান খাদ্য হল ভাত, রুটি, মাছ মাংস প্রভৃতি।

কুড়মিরা সাধারণত নিজ সম্প্রদায়ের মধ্যে বিবাহ করে থাকে। অন্য কোনো সম্প্রদায়ের মধ্যে বিবাহ করে না। কেউ এই নিয়মের কেউ ব্যতিক্রম হলে, তাকে সমাজ থেকে একঘরে করে রাখা হয়। এদের বিবাহের ক্ষেত্রে পরিবারই প্রধান অর্থাৎ পাত্র-পাত্রী নিজেদের পছন্দ করা ছেলে বা মেয়েকে বিবাহ করতে পারে না। পরিবার যাকে পছন্দ করে দেবে, তাকেই বিবাহ করতে হয়। আবার অনেক নিয়মের মধ্যে দিয়ে বিবাহ সম্পন্ন হয়। কুড়মিরা একসঙ্গে মিলে মিশে থাকতেই বেশি পছন্দ করে। সেই জন্য অনেক আগে থেকেই কুড়মিরা গোষ্ঠীবদ্ধ ভাবে বসবাস করে আসছে। এদের মধ্যে কারো বাড়িতে অনুষ্ঠান হলে তারা সবাইকে আমন্ত্রণ করে, সেটা বিয়ে হোক বা মৃত্যু। এদের প্রধান জীবিকা হল কৃষিকাজ। পুরুষ ও মহিলা একসঙ্গে মাঠে কাজ করে থাকে। আগে প্রায় সবাই নিরক্ষর ছিল কিন্তু এখন কুড়মি পরিবারের ছেলে মেয়েরা পড়াশোনা করছে।

২০২৩ সালে কুড়মি সম্প্রদায়ের মানুষরা এক আন্দোলনের মাধ্যমে তাদের দাবি জানায়। আর সেই আন্দোলনের নাম দেয় ঘাঘর ঘেরা। এই আন্দোলনে কুড়মি সম্প্রদায়ের মানুষদের পরনে দেখা যায় হলুদ রঙের বস্ত্র, ঘাড়ে হলুদ গামছা ও হাতে হলুদ পতাকা। পতাকার মাঝে অর্ধচন্দ্র সূর্য। তাদের প্রধান দাবি হল যে, কুড়মি সম্প্রদায়কে ভারতীয় সংবিধানের তপশিলি উপজাতিভুক্ত করা হোক।

বি:দ্র: আমি সহায়ক পঞ্জি হিসেবে ব্যবহার করেছি ইন্টারনেট। এই ইন্টারনেটের উইকিপিডিয়া থেকে আমি কিছু কিছু তথ্য সংগ্রহ করেছি।

উত্তর সেন্টিনেল দ্বীপপুঞ্জ

রানা ঢাল

বিভাগ- সমাজতত্ত্ব, সেমিস্টার- পঞ্চম

সমুদ্রের অতল গভীরতা থেকে শুরু করে মহাকাশ— কোনো কিছুই যেন জয় করতে বাকি নেই মানুষের। প্রযুক্তি আর বিজ্ঞানের কল্যাণে পৃথিবী এখন হাতের মুঠোয়। কিন্তু সত্যি কি তাই আমরা কি পেরেছি সব রহস্যের সমাধান করতে? আজও অনেক বিষয়ে রয়েছে,মানুষ যার সব রহস্য উন্মোচন করে উঠতে পারেনি। তা নিয়েই আমার এই ছোট লেখাটি নিচে উপস্থাপিত করলাম।

ভারতের কেন্দ্রশাসিত অঞ্চল তথা আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের নিকটবর্তী একটি রহস্যময় ছোট দ্বীপ হল এই উত্তর সেন্টিনেল দ্বীপ। যার আয়তন প্রায় ষাট বর্গ কিমি। যেখানে প্রবেশ করলে ফিরে আসার কোনো সম্ভাবনা নেই। যে দ্বীপটি সাধারণ মানুষের জন্য এবং আশেপাশের বাসিন্দাদের জন্য নিষিদ্ধ। শুধু তাই নয় বিজ্ঞানী ও গবেষকদেরও প্রবেশ করার অনুমতি নেই এই দ্বীপে। অনুমান করা হয় পনেরো থেকে চারশো জন আদিবাসী এই দ্বীপে বসবাস করে। দ্বীপের এই আদিবাসীদের সঙ্গে যোগাযোগ নেই বাইরের বিশ্বের কোন মানুষের। গবেষকরা দূর থেকে এই দ্বীপ সম্বন্ধে অনুমানই করতে পারেন। এই দ্বীপের বাসিন্দাদের বলা হয় সেন্টিনেলিস্ট। বাস্তবে এরা কোন উপজাতি, তা এখনো পর্যন্ত জানা যায়নি। তারা আধুনিক সভ্যতার শেষ যোগাযোগ বিহীন মানুষের মধ্যে একটি উপজাতি। আধুনিক সভ্যতা কার্যত যাদের ছুঁতে পারেনি। গবেষকদের মতে আনুমানিক ষাট হাজার বছর ধরে সেন্টিনেলিস্টরা একা একাই এই দ্বীপে বসবাস করে আসছে। তবে গবেষকরা দূর থেকে যতটুকু দেখেছেন তার ভিত্তিতে বলেছেন যে, এই সেন্টিনেলিস্টরা কিছুটা খাটো প্রকৃতির এবং তাদের রয়েছে চকচকে কৃষ্ণ বর্ণের চামড়া। যারা এখনো পর্যন্ত Hunting এবং Gathering পদ্ধতির মাধ্যমে জীবন যাপন করে থাকে। তারা তীর ধনুক অথবা বর্ষা জাতীয় হাতিয়ার ব্যবহার করে থাকে শিকার করার জন্য। তবে ধারণা করা হয় তারা আগুনের ব্যবহার শেখেনি। দৈনন্দিন জীবন-যাপনের জন্য প্রাথমিক প্রয়োজন— খাদ্যবস্ত্র ও বাসস্থান তারা জঙ্গল থেকেই সংগ্রহ করে থাকে। তারা কৃষিকাজ সম্বন্ধে অবগত নয়। জঙ্গলের মধু, কচ্ছপের ডিম সংগ্রহ, পশু শিকার প্রভৃতির মাধ্যমে তারা জীবন যাপন করে থাকে।

যুগের কালক্রমে অজানাকে জানার নেশায় গবেষকগণ অনেকবার এই সেন্টিনেলিস্টদের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করেছে, যা সফল হয়ে ওঠেনি। স্বাধীনতার পর প্রথম ১৯৬৭ সালে ভারতীয় নৃতত্ত্ববিদ ত্রিলোকনাথ পণ্ডিত সেন্টিনেলিস্টদের সঙ্গে যোগাযোগ

স্থাপনের চেষ্টা করেন যা কার্যত ব্যর্থ হয়।

পরবর্তীতে বঙ্গতনয়া মধুমালা চট্টোপাধ্যায়ের হাত ধরে প্রথম সাফল্য আসে। প্রথম সেন্টিনেলিস্টদের এত কাছে যাওয়া সম্ভব হয়। তাদের ক্যামেরাবন্দি করা থেকে শুরু করে স্পর্শ করাও সম্ভবপর হয়ে ওঠে। তিনি এতটাই সেন্টিনেলিস্টদের কাছে বিশ্বস্ত হয়ে উঠেছিলেন যে এক সেন্টিনেলিস্ট মা তার শিশুকে তাঁর কোলে বিনা সংকোচে তুলে দিয়েছিলেন।

কিছু অপ্রাসঙ্গিক ঘটনার কারণে সেন্টিনেলিস্টদের বহির্বিশ্বের সঙ্গে যোগাযোগ না করার ইচ্ছেকে মান্যতা দিয়ে ভারত সরকার এই দ্বীপ থেকে প্রায় পাঁচ নটিক্যাল মাইল এলাকা ভ্রমণ করায় সম্পূর্ণ নিষেধাজ্ঞা জারি করেছে।



Nature of reality

প্রলয় দত্ত
বিভাগ- পদার্থবিদ্যা, সেমিস্টার- পঞ্চম

Nature of the physical world: Physics seeks to understand the fundamental nature of the physical world, encompassing the behaviour of matter, energy, space and time. Through the study of natural phenomena and the development of theoretical frameworks, physics aims to describe and explain the underlying structure and dynamics of the universe.

Physics offers diverse perspectives on the nature of reality, drawing from fundamental theories and empirical observations. According to modern physics, the concept of reality is multifaceted and can be approached from various perspectives, including those offered by quantum mechanics, relativity, and other fundamental theories.

Quantum mechanics: In the realm of quantum mechanics, reality is often considered in terms of the behaviour of particles at the atomic and subatomic level. Quantum mechanics introduces the notion of observer-dependent reality, where the act of measurement or observation influences the properties of particles. This challenges the traditional idea of an objective, independent reality and raises questions about the role of consciousness and observation in shaping reality.

Uncertainty and probability: Quantum mechanics also introduces the concept of inherent uncertainty, as described by the Heisenberg uncertainty principle. This principle suggests that certain pairs of physical properties cannot be precisely known simultaneously, leading to a fundamental limit on the predictability of quantum systems. This uncertainty and probabilistic nature of quantum phenomena contribute to the complex understanding of reality in the quantum realm.

Relativity: Einstein's theory of relativity, particularly the general theory of relativity, offers a framework for understanding the nature of space, time, and gravity. It describes how the fabric of space-time is influenced by mass and energy, and how gravitational interactions shape the structure of the universe.

From the perspective of relativity, reality is intimately tied to the geometry of space-time and the dynamics of massive objects.

Unified theories and fundamental forces: Modern physics seeks to develop unified theories that can describe the fundamental forces of nature, such as gravity, electromagnetism, the strong nuclear force, and the weak nuclear force. These theories aim to provide a comprehensive understanding of the underlying structure of reality, including the behaviour of elementary particles and the forces that govern their interactions.

Space and time: Space and time form the foundational framework within which physical events occur. In the context of classical physics, space is often conceived as a three-dimensional continuum that provides a spatial reference for the positioning and motion of objects, while time serves as a parameter that delineates the sequence of events. The theories of relativity in modern physics have expanded our understanding of space-time as a dynamic, interconnected fabric that is influenced by mass and energy.

In summary, according to physics, the concept of reality is not as straightforward as it may seem. Quantum physics challenges our understanding and suggests that reality may be influenced by the observer and the fundamental nature of energy. The exploration of reality within the context of physics continues to inspire profound philosophical and scientific inquiry, shedding light on the intricate fabric of the cosmos and our place within it.



Flight of Fantasy

সুন্দরী মান্ডি
বিভাগ-ইতিহাস, সেমিস্টার-প্রথম

ভূমিকা: ১৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখে লালগড় পুলিশ ক্যাম্প থেকে দশটি স্কুলের দু'জন করে ছাত্রছাত্রীদের চেন্নাই ট্যুরে নিয়ে যাওয়া হয়েছিল। এই ট্যুরের নাম ছিল 'Flight of Fantasy'। এই ট্যুরটি কলকাতার 'Ladies Circle India' কর্তৃক আয়োজিত হয়েছিল।

যাত্রার বর্ণনা: ১৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখে আমরা সবাই লালগড় পুলিশ ক্যাম্পে পৌঁছাই। সেখানে পুলিশ ক্যাম্পে স্যারদের সঙ্গে মিটিং হচ্ছিল। মিটিং হওয়ার পর সেখানে সবার জন্য খাবারের ব্যবস্থা করা হয়েছিল। খাওয়া-দাওয়া করার পর আমরা সকাল সাড়ে দশটায় সময় বাসে করে লালগড় থেকে বেরিয়ে পড়ি। আমাদের সঙ্গে পুলিশ ক্যাম্পের স্যারেরা ছিলেন এবং আমাদের অভিভাবকদের কলকাতা পর্যন্ত যাবার অনুমতি ছিল। লালগড় থেকে কলকাতা যাওয়ার পথে আমরা সবাই অনেক আনন্দ উপভোগ করেছি। যেতে যেতে দেখেছি রাস্তার দুই ধারে কাশ ফুলের বনের সুন্দর মনোরম দৃশ্য, যা একটা অসাধারণ প্রাকৃতিক সৌন্দর্যকে ফুটিয়ে তুলেছে। খাল-বিল মাঠ-ঘাট, নদী পেরিয়ে শহরে পৌঁছেছি। আরো একটি সুন্দর দৃশ্য হল হাওড়া ব্রিজ। ব্রিজ পেরিয়ে কলকাতা পৌঁছেছি। অবশ্য কলকাতা পৌঁছতে সন্ধ্যা হয়ে গিয়েছিল। কলকাতাতে প্রথম আমরা সি.আর.পি.এফ.-এর হেড কোয়ার্টারে যাই। সেখানে'Ladies Circle India'-র সদস্য রুচি আগরওয়াল এবং আই.জি.স্যারের অন্যান্য স্যাররাও ছিলেন। তারা আমাদের সঙ্গে কথা বললেন। তারপর সেখান থেকে বেরিয়ে আমরা হোটেলে চলে যাই। সেখানে আমাদের খাবারের ব্যবস্থাও করাছিল। তার পরের দিন ২০ সেপ্টেম্বর সকাল ৫ টা ৩০ মিনিটে আমাদের ফ্লাইট ছিল। আমরা সবাই খুব উত্তেজিত এবং আনন্দিত ছিলাম। কারণ আমরা সবাই প্রথমবার ফ্লাইটে চড়ব। আমরা বিকেল চারটাতেই কলকাতা এয়ারপোর্টে পৌঁছাই। সেখানে আমাদের সাথে ছিলেন আই.জি.স্যার এবং লালগড় পুলিশ ক্যাম্পের স্যারেরা। বিকেল ৫ টা ৩০ মিনিটে ফ্লাইট টেক-অফ করে। ফ্লাইটে আমাদের সবাইকে স্বাগত জানানো হয়েছিল। এরপর চেন্নাই এয়ার পোর্টে পৌঁছে, সেখান থেকে বাসে করে আমরা অভিনেতা কমল হাসান সঙ্গে দেখা করতে যাই এবং ওঁর সঙ্গে মেট্রোতে চড়ে একটু বেড়াতে যাই। তারপর খাওয়া-দাওয়া করে আমরা হোটেল রুমে চলে আসি। বিকেলে আমরা সবাই মেরিনা বিচে ঘুরতে গিয়েছিলাম। সেখানকার সমুদ্রের দৃশ্য খুব সুন্দর ছিল। সেখানে লাইট হাউস রয়েছে। ঘোরাঘুরির পর সন্ধ্যা হয়ে যাওয়ায় আমরা আবার হোটেলের রুমে চলে আসি। সেখানে আমাদের খাবারের ব্যবস্থা ছিল। পরের দিন ২১ সেপ্টেম্বর সকালের ফ্লাইটে আমরা চেন্নাই থেকে কলকাতা ফিরে আসি। কলকাতাতে কেনা কাটা করে আমরা বাড়ি ফিরে আসি। বাড়ি ফিরতে রাত্রি হয়ে গিয়েছিল তাই

সবাইকে স্যারেরা বাড়ি পৌঁছে দিয়েছিলেন। এই ট্যুরে আমরা সবাই খুব আনন্দ উপভোগ করেছি। যে সকল ম্যাডাম এবং স্যারেরা ছিলেন, তাঁরা সবাই খুব ভালো ছিলেন। সবার খুব ভালো ভাবে খেয়াল রেখেছিলেন। এই ট্যুরে আমাদেরকে নিয়ে যাবার জন্য অসংখ্য ধন্যবাদ জানাই লালগড় পুলিশ ক্যাম্পের স্যার এবং 'Ladies Circle India'-র সার-ম্যাডামদের। ভীমপুর গার্লস স্কুল, ভীমপুর হাইস্কুল পিড়াকাটা হাইস্কুল, জয়পুর, মৌপাল, লালগড় গার্লস স্কুল, লালগড় হাইস্কুল, সাতপাটি স্কুল সহ মোট দশটি স্কুলের ছাত্রছাত্রী মিলে এই ট্যুরে গিয়েছিলাম।

আমরা সবাই এই ট্যুরে খুব আনন্দ উপভোগ করেছি। পরেরদিন আমরা সবাই আবার লালগড় পুলিশ ক্যাম্পে যাই, সেখানে আই.জি.স্যার এসে ছিলেন এবং আমাদের সবাইকে উপহার দিয়েছিলেন। আমরা স্যারদের এবং সবার সঙ্গে আমাদের এই ঘুরতে যাওয়ার অভিজ্ঞতাটি শেয়ার করেছি।



দেওয়াল পত্রিকা ★ সংস্কৃত বিভাগ।



দেওয়াল পত্রিকা ★ সাঁওতালি বিভাগ।



দেওয়াল পত্রিকা ★ পদার্থবিদ্যা বিভাগ।

দেওয়াল পত্রিকা ★ ইতিহাস বিভাগ

দেওয়াল পত্রিকা ★ সমাজতত্ত্ব বিভাগ

কলেজে সাংস্কৃতিক প্রতিযোগিতার কিছু ঝলক

কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার কিছু ঝলক

কলেজে অনুষ্ঠিত ফুটবল প্রতিযোগিতা।

লালগড়ে আয়োজিত স্বাধীনতার
অমৃত মহোৎসবে অংশগ্রহণকারী কলেজের ফুটবল দল।

খড়গপুর স্টেডিয়ামে আয়োজিত সরকারি ক্রীড়া
প্রতিযোগিতায় অংশগ্রহণকারী কলেজের ফুটবল দল।

কলেজে অনুষ্ঠিত শিক্ষক-ছাত্র ক্রিকেট ম্যাচে অংশগ্রহণকারী শিক্ষকদের দল।

কলেজের জাতীয় সেবা প্রকল্প (NSS) ইউনিট

ইতিহাস বিভাগের শিক্ষামূলক ভ্রমণ

বাংলা বিভাগের শিক্ষামূলক ভ্রমণ

কলেজের বিভিন্ন ল্যাবরেটরি

রসায়ন বিভাগ

পদার্থবিদ্যা বিভাগ

গণিত বিভাগ

কলেজের কেন্দ্রীয় গ্রন্থাগার

কলেজে অনুষ্ঠিত নানা কর্মসূচি

সম্প্রীতি সপ্তাহ উদ্‌যাপন



জাতীয় স্তরের সেমিনারে উপস্থিত অতিথিবৃন্দ

চক্ষু পরীক্ষণ শিবির

কোভিড টীকাকরণ কর্মসূচি

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন

শিক্ষার্থী সপ্তাহ উদ্‌যাপনে মঞ্চে উপস্থিত বিশিষ্ট সমাজসেবী রোশেনারা খান

স্বাধীনতা দিবস ও প্রজাতন্ত্র দিবস পালন